সাবেক তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিমের বাসায় পুলিশের অভিযান



ছবি: সংগৃহীত

শনিবার (২১ নভেম্বর) বিকেল ৩টার পর পুলিশ সদস্যরা ভবনটিতে যান। সন্ধ্যা ৭টা ৪০ মিনিট পর্যন্ত সেখানে তাদের অবস্থান ছিল। এ সময় ১০ থেকে ১২ জন পুলিশ সদস্যের পাশাপাশি সাদা পোশাকে গোয়েন্দা সদস্যরাও ছিলেন। ভবনের সামনে একটি মালবাহী পিকআপও দেখা যায়।

গুলশান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জায়েদ নুর বলেন, একটি তথ্যের ভিত্তিতে পুলিশ ওই বাসায় গিয়েছিল। তবে সে অনুযায়ী কিছু পাওয়া যায়নি। এর সঙ্গে তারানা হালিমের কোনো সংশ্লিষ্টতা নেই বলেও জানান তিনি।

ভবনের নিরাপত্তাকর্মী শরিফ মিয়া জানান, বিকেল ৩টার পর পুলিশ সেখানে আসে। এ সময় বাসা থেকে কিছু মালপত্র নামানো হয়। তবে তারানা হালিম বাসায় ছিলেন না। তার বাবা ভবনের চারতলায় থাকেন। দুই নারী পুলিশ সদস্য উপরে গেলেও সেখান থেকে কিছু নিয়ে আসেননি বলে জানান তিনি। মালপত্রগুলো বাসার চালক নামিয়েছিলেন।

ঘটনাস্থলে পুলিশের পাশাপাশি ভবনের নিরাপত্তাকর্মী ও স্থানীয় হাউজিংয়ের নিরাপত্তারক্ষীদেরও দেখা যায়।

তারানা হালিম ২০১৮ সালে আওয়ামী লীগ সরকারের মন্ত্রিসভায় তথ্য প্রতিমন্ত্রীর দায়িত্ব পালন করেন। আইন পেশার পাশাপাশি সাংস্কৃতিক অঙ্গনেও তার পরিচিতি রয়েছে।